

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৯৪

٩. यन गलाता त्रु पिष्ठ छे अति ग्रामें (کتَابُ الرَّقَائق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো নশ্বর ও প্রবঞ্চক এই দুনিয়ার যা কিছু মানুষ মালিক হয়, তা অন্যের জন্য ব্যয় করে নিজেকে দুনিয়া থেকে নির্লিপ্ত রাখা

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَذُودَ نَفْسَهُ مِنْ هَذِهِ الْغَرَّارَةِ الزَّائِلَةِ بِبَذْلِ مَا يَمْلِكُ منها لغيره

আরবী

694 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِد حَدَّثَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ أُمَّ سُلَيْمٍ: بَعَثَتْ بِقِنَاعٍ فِيهِ رُطَبٍ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَجَعَلَ يَقْبِضُ الْقَبْضَةَ فَيَبْعَثُ بِهَا إلى فَجَعَلَ يَقْبِضُ الْقَبْضَةَ فَيَبْعَثُ بِهَا إلى فَجَعَلَ يَقْبِضُ الْقَبْضَةَ فَيَبْعَثُ بِهَا إلى أَرْوَاجِهِ ثُمَّ يَقْبِضُ الْقَبْضَةَ فَيَبْعَثُ بِهَا إلى أَرْوَاجِهِ ثُمَّ يَقْبِضُ الْقَبْضَةَ فَيَبْعَثُ بِهَا إلى أَرواحه ثُمَّ يَبْعَثُ بِهَا وَإِنَّهُ لَيَشْتَهِيهِ فَعَلَ ذَلِكَ غير مرة وإنه ليشتهيه الراوي: أَنس بْن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 694 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৯৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, উম্মু সুলাইম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এক প্লেট তাজা খেজুর পাঠান। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখান থেকে এক অঞ্জলি ভরে তাঁর কোন এক স্ত্রীর কাছে পাঠান, তারপর আরেক অঞ্জলি ভরে তাঁর স্ত্রীদের কাছে পাঠান, তারপর আরেক অঞ্জলি পাঠান অথচ সেসবের প্রতি তাঁর চাহিদা ছিল, তা সত্ত্বেও তিনি কয়েকবার এরকম করেন।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু হিব্বান: ৬৯৪; মুসনাদ আহমাদ: ৩/১২৫; আবু ইয়ালা: ২৮৯৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা



নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৬৯৪।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন